গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
হাসপাতাল-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

আগামী ২ নভেম্বর অনুষ্ঠেয় জাতীয় স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান দিবস উদ্‌যাপন উপলক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী।

সভাপতি : মোঃ সিরাজুল ইসলাম।
সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

সভার স্থান : সম্মেলন কক্ষ, ভবন নং-০৩, কক্ষ নং-৩৩২, ৪র্থ তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সভার তারিখ : ২৫/১০/২০১৬ খ্রিঃ।

সভার সময় : সকাল ১০.০০ ঘটিকা।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি অতিরিক্ত সচিব (হাসপাতাল) কে সভার আলোচ্য সুচি অনুযায়ী সভা পরিচালনার আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (হাসপাতাল) আলোচ্যসূচী সভায় তুলে ধরেন। সভায় নিম্নোক্ত বিষয় সমূহ আলোচনাক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	অতিথি নির্বাচন, ভেন্যু নির্বাচন, দাওয়াত পত্র	জাতীয় জাদুঘর প্রধান মিলনায়তনে অনুষ্ঠিতব্য উদ্বোধনী অনুষ্ঠানে মন্ত্রণালয় ও তার অধিনস্থ দপ্তর, সন্ধানী, বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি, বাংলাদেশ স্কাউট ইত্যাদি প্রতিষ্ঠান হতে মোট এক হাজার জন অতিথিকে আমন্ত্রন জানানো হবে। অতিথি নির্বাচনে একটি কমিটি গঠন করতে হবে। আমন্ত্রিত অতিথিদের তালিকা নির্ধারন, দাওয়াত পত্র বিতরণের পূর্বে মন্ত্রণালয়কে দেখিয়ে নিতে হবে। উদ্বোধনী অনুষ্ঠানে ২৫০ জন স্কাউট সদস্যকে আমন্ত্রণ জানানো হবে।	অতিথি নির্বাচনে যুগ্ম সচিব (হাসপাতাল) ও মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাসচিব, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি এর সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়। জাতীয় স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান দিবস-এর মূল অনুষ্ঠানটি জাতীয় যাদুঘরের প্রধান মিলনায়তন এবং ০১ নভেম্বর-এ অনুষ্ঠিতব্য সংবাদ সম্মেলন-টি জাতীয় প্রেস ক্লাবের ভিআইপি লাউঞ্জে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। অনুষ্ঠানে স্কাউটস্ উপস্থিতির জন্য সহকারী পরিচালক, বাংলাদেশ স্কাউটস্-কে দায়িত্ব প্রদান করা হয়।	১। যুগ্ম সচিব, (হাসপাতাল) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর। ৩। সভাপতি, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি। ৪। মহাসচিব, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি। ৫। সভাপতি, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ। ৬। সহকারী পরিচালক, বাংলাদেশ স্কাউটস্
০২	লিফলেট/ষ্টীকার/পোষ্টার বিতরণ;	স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান বিষয়ক স্লোগান ও ছবি সম্বলিত লিফলেট/ষ্টীকার/পোষ্টার ছাপানো ও বিতরন করা হবে। প্রয়োজনীয় ডিজাইন সন্ধানী কর্তৃক সরবরাহ করা হবে। দেশের ৬৪টি জেলায় জেলা প্রশাসক বরাবর প্রয়োজনীয় সংখ্যানুসারে সন্ধানী কর্তৃক পোষ্টার ও লিফলেট প্রচারের জন্য পাঠানো হবে।	পোস্টার ও লিফলেট মূদ্রণ প্রসংগে চীফ, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো-কে দায়িত্ব দেয়া হয়। সভায় উত্থাপিত পোস্টারের ডিজাইনে সামান্য পরিবর্তন করার জন্য সচিব মহোদয় নির্দেশ প্রদান করেন।	১। সভাপতি, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ। ২। সাধারণ সম্পাদক, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ। ৩। মহাসচিব, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি। ৪। চীফ,স্বাস্থ্য শিক্ষা ব্যুরো।
০৩	সাংবাদিক সম্মেলন, ও Key Note paper উপস্থাপনা	জাতীয় প্রেস ক্লাবের ভিআইপি লাউন্জে ১ নভেম্বর ২০১৬ বিকাল ৪ ঘটিকায় সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হবে। Resource person হিসেবে উপস্থিত থাকবেন- ১। অতিরিক্ত সচিব (হাসপাতাল)	সাংবাদিক সম্মেলনে Resource person হিসেবে উপস্থিত থাকবেন অতিরিক্ত সচিব (হাসপাতাল),স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর এবং সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি ও	১। পরিচালক (হাসপাতাল), স্বাস্থ্য অধিদপ্তর। ২। সভাপতি, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি। ৩। সাধারণ সম্পাদক, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
		২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর ৩। মহাসচিব, বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি। ৪। মহাসচিব, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি।	সন্ধানী কেন্দ্রীয় পরিষদের প্রতিনিধিবৃন্দ। মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে উপস্থাপিত Key Note paper -টি সন্ধানী'র তত্ত্বাবধানে হতে তৈরী করা হবে। পরিচালক (হাসপাতাল), স্বাস্থ্য অধিদপ্তর বিষয়টি সমন্বয় করবেন।	
০৪	শ্লোগান নির্ধারন	স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান বিষয়ে নিম্নরূপ শ্লোগান প্রাথমিকভাবে বাছাই করণ হয়েছে। চুড়ান্ত ভাবে অনুমোদনের জন্য নিমোক্ত শ্লোগানসমূহ সভায় উপস্থাপন করা হয়। উত্থাপিত শ্লোগানসমূহ হলোঃ ১. ''মানবিক হোন, মরণোত্তর চক্ষুদান ও স্বেচ্ছায় রক্ত দানে এগিয়ে আসুন'' ২. এসো জাগাই লক্ষ প্রাণে, করি সবে অঙ্গীকার, আমার রক্তেদেবে জীবন দৃষ্টি গোছাবে অন্ধকার। ৩. আমার রক্তে বাঁচুক জীবন, হেসে উঠুক লক্ষ প্রাণ, আমার চোখে দেখুক বিশ্ব ভরে তার মন প্রাণ।	সভায় বিস্তারিত আলোচনান্তে নিমেণাক্ত শ্লোগানটি চুড়ান্ত করা হয়। ''আমার রক্তে বাঁচুক জীবন, চোখে আমার দেখুক ভুবন, হেসে উঠুক লক্ষ প্রাণ''	১। মহাসচিব, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি। ২। সাধারণ সম্পাদক, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ।
০৫	র‍্যালী অনুষ্ঠান, র‍্যালী টি শার্ট, স্পন্সর, আপ্যায়ন, ব্যানার/প্ল্যাকার্ড	জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে একটি বর্ণাঢ্য র‍্যালী উদ্বোধনী অনুষ্ঠানের পরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'সায়েন্স এনেক্স'' হতে শুরু হয়ে জাতীয় জাদুঘর মিলনায়তনে শেষ হবে। র‍্যালীতে টি-শার্ট ও ক্যাপ বিতরণ করা হবে এবং প্ল্যাকার্ড বহন করা হবে। র‍্যালী শেষে অংশগ্রহনকারীদের জন্য আপ্যায়নের ব্যবস্থা রাখা হবে। এ বাবদ প্রয়োজনীয় অর্থের সংস্থানের বিষয়ে মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তরকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করার সিদ্ধান্ত হয়।	উদ্বোধনী অনুষ্ঠনের পূর্বে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে একটি বর্ণাঢ্য র‍্যালী সকাল ১১:০০ টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'সায়েন্স এনেক্স'' হতে শুরু হয়ে জাতীয় জাদুঘরে শেষ হবে। র‍্যালীতে টি-শার্ট বিতরণের জন্য মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর-কে দায়িত্ব দেয়া হয়। তিনি সহযোগিতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	১। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর ২। সভাপতি, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি। ৩। মহাসচিব, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি।
০৬	প্রেস বিজ্ঞপ্তি	দেশের সকল জাতীয় দৈনিক পত্রিকায় দিবসের তাৎপর্য ও কার্যক্রম তুলে ধরে প্রেস বিজ্ঞপ্তি দেওয়া হবে। প্রেস বিজ্ঞপ্তি মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে মহাসচিব সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি, সাধারণ সম্পাদক, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ এর তত্ত্বাবধনে প্রণীত হবে এবং তা তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।	দেশের সকল জাতীয় দৈনিক পত্রিকায় দিবসটির তাৎপর্য ও কার্যক্রম তুলে ধরে একটি প্রেস বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। বিজ্ঞপ্তিটি বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং সরকারী ও বেসরকারী সকল চ্যানেল সমূহে প্রচারের নিমিত্তে এ মন্ত্রণালয়ে হতে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।	১। যুগ্মসচিব (হাসপাতাল) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। ২। প্রচার ও প্রকাশনা সম্পাদক, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি। ৩। প্রচার ও প্রকাশনা সম্পাদক, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ।
০৭	ক্রোড়পত্র মূদ্রণ	২ নভেম্বর ২০১৬ বহুল প্রচারিত ৩টি জাতীয় দৈনিক পত্রিকা (দৈনিক ইত্তেফাক, দৈনিক যুগান্তর, The Daily Star)-এ পূর্ণপৃষ্ঠা ক্রোড়পত্র প্রকাশের জন্য প্রয়োজনীয় সহয়োগিতা করার জন্য মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর অনুরোধের বিষয়ে আলোচনা হয়। ক্রোড়পত্রের বিষয়বস্তু	একটি বাংলা ও একটি ইংরেজী দৈনিক পত্রিকায় ক্রোড়পত্রে প্রকাশিতব্য বিষয়বস্তু অনুমোদনের জন্য অতিরিক্ত সচিব (হাসপাতাল) ও মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরকে দায়িত্ব দেয়া হয় এবং আর্থিক সহযোগিতার জন্য ঔষধ প্রশাসনের মহাপরিচালক-কে অনুরোধ করার	১। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর। ২। সভাপতি, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি। ৩। মহাসচিব, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি। ৪। সাধারণ সম্পাদক, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
		মন্ত্রণালয়ের অনুমোদন ক্রমে প্রকাশের বিষয়ে আলোচনা হয়।	সিদ্ধান্ত হয়।	
০৮	স্মরণিকা	বিজ্ঞাপন সংগ্রহকরত এক হাজার স্মরণিকা প্রকাশ করার জন্য মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর কে অনুরোধের বিষয় আলোচনা হয়।	ঔষধ প্রশাসনের আর্থিক সহযোগিতায় ছোট আকারের একটি স্মরণিকা প্রকাশের সিদ্ধান্ত হয়।	১। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর। ২। সভাপতি, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ।
০৯	বাংলাদেশ টেলিভিশন এবং বাংলাদেশ বেতারে বিশেষ অনুষ্ঠান প্রচার	২ নভেম্বর ২০১৬ তারিখে বাংলাদেশ টেলিভিশন এবং বাংলাদেশ বেতারে দিবসের তাৎপর্য তুলে ধরে প্রতিবছরের ন্যায় এবারও বিশেষ অনুষ্ঠান প্রচারের লক্ষ্যে মন্ত্রণালয় হতে বিটিভি ও বাংলাদেশ বেতারে পত্র প্রদানের বিষয়ে আলোচনা হয়।	২ নভেম্বর ২০১৬ এর তাৎপর্য্য তুলে ধরে বিশেষ অনুষ্ঠান প্রচারের জন্য মন্ত্রণালয় হতে তথ্য মন্ত্রণালয়কে পত্র প্রদান করা হবে।	১। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ২। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন। ৩। মহাপরিচালক, বাংলাদেশ বেতার। ৪। সভাপতি, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি। ৫। মহাসচিব, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি। ৬। সাধারণ সম্পাদক, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ।
১০	অর্থ সংস্থান	দিবসের সকল কার্যক্রম সম্পাদনের লক্ষে প্রয়োজনীয় অর্থ সংস্থান ও ব্যয়ের হিসাব সংরক্ষনের বিষয়ে আলোচনা হয়।	দিবসটির সকল কার্যক্রম সম্পাদনের প্রয়োজনীয় অর্থ সংস্থানের জন্য ঔষধ প্রশাসন অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তরের রক্ত পরিসঞ্চালন ব্যুরোর অপারেশনাল প্লান, পরিচালক (হাসপাতাল) এবং বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটিকে আর্থিক সহযোগিতার জন্য অনুরোধ জানানো হয়।	১। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর। ২। পরিচালক (হাসপাতাল) স্বাস্থ্য অধিদপ্তর। ৩। সভাপতি, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ।
১১	অনুষ্ঠান সমন্বয় কারী	সকল সংস্থার প্রধানগনের সাথে সমন্বয় করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (হাসপাতাল) দিবস উপলক্ষ্যে আয়োজিত কার্যক্রমের সার্বিক দায়িত্ব পালন করবেন মর্মে আলোচনা হয়।	দিবসটি সুন্দরভাবে আয়োজনের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (হাসপাতাল)-কে সমন্বয়কের দায়িত্ব প্রদান করা হয়।	১। যুগ্ম সচিব (হাসপাতাল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ ২। সভাপতি, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ। ৩। সভাপতি, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি।
১২	বিবিধ	সাধারণ সম্পাদক, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ দিবসটিকে 'গ' ক্যাটাগরী থেকে উন্নীত করে 'ক' ক্যাটাগরীর জাতীয় দিবস হিসেবে উদযাপনের প্রস্তাবনা করেন।	দিবসটি গুরুত্ব ও তাৎপর্য অনুধাবন করে দিবসটিকে 'গ' হতে 'ক' ক্যাটাগরীতে উন্নীত করার প্রস্তাব পাওয়া গেলে এ বিষয়ে যথাযথ প্রক্রিয়ায় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত হয়।	১। সভাপতি, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ। ২। সভাপতি, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি।

স্বাক্ষরিত/-
(মোঃ সিরাজুল ইসলাম)
সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.১৫৬.১১৬.০০.০০.০০৯.২০১৬-৩১২ তারিখঃ-২৬-১০-২০১৬ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৩। অতিরিক্ত সচিব, (হাসপাতাল/প্রশাসন/জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৫। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।

০৬। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
০৭। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৮। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৯। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস, স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।
১০। পরিচালক (হাসপাতাল/প্রশাসন) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১১। পরিচালক (স্বাস্থ্য) ঢাকা/খুলনা/রাজশাহী/চট্রগ্রাম/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/রংপুর বিভাগ।
১২। জেলা প্রশাসক (সকল)।
১৩। পরিচালক, স্বাস্থ্য শিক্ষাব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা।
১৪। পরিচালক, সেবা পরিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা।
১৫। সিভিল সার্জন (সকল)।
১৬। সভাপতি, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি।
১৭। সভাপতি, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি।
১৮। সভাপতি, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ।

অনুলিপি সদয় অবগতিঃ

০১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৪। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল (তাকে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৫। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৬। যুগ্ম-সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(এস. এম. জাহাঙ্গীর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫৪৯১৯২